দৈনিক
ইত্তেফাক

তারিখ ২৫ JUN 2016
পৃষ্ঠা ৩ কলাম ৫

# মিঠাপুকুরে একাদশ শ্রেণিতে ভর্তি নিয়ে জটিলতা

■ মিঠাপুকুর (রংপুর) সংবাদদাতা

মিঠাপুকুরে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি জটিলতায় উদ্বিগ্ন শিক্ষার্থী ও অভিভাবকরা। একটিমাত্র পছন্দের কলেজে আবেদন করেও তালিকায় নাম নেই অনেক শিক্ষার্থীর। শিক্ষাবোর্ডের নির্দেশনা অনুযায়ী মূল নম্বরপত্র জমা নিয়ে ভর্তির কথা বলা হলেও এ রিপোর্ট লেখা পর্যন্ত বিদ্যালয়গুলোতে নম্বরপত্র পৌঁছেনি। অনেক বিদ্যালয় প্রশংসাপত্রও দিচ্ছে না বলে অভিযোগ করেছে শিক্ষার্থীরা।

২০১৬-১৭ শিক্ষা বছরে অনলাইনের মাধ্যমে পছন্দনীয় ১০টি কলেজে শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করেছিল। গত ১৬ জুন মহাবিদ্যালয় অনুযায়ী শিক্ষার্থীদের তালিকা প্রকাশ হয়। ১৮ জুন থেকে তালিকা অনুযায়ী ভর্তি শুরু হয়েছে। কিন্তু জটিলতা দেখা দিয়েছে এসএসসি পাসের নম্বরপত্র বিদ্যালয়ে না আসায়। অনেক শিক্ষার্থী একটি মাত্র পছন্দের কলেজে অনলাইনে ভর্তির জন্য আবেদন করেছিল। কিন্তু এখনও তাদের তালিকা প্রকাশ করা হয়নি। এসব শিক্ষার্থী কোথায় ভর্তি হবে, এ নিয়ে দুঃচিন্তায় পড়েছে। এছাড়াও পছন্দের ১০টি কলেজের মধ্যে একটিতে ভর্তির এবং দুটিতে অপেক্ষমাণ তালিকায় নাম প্রকাশ করেছে শিক্ষাবোর্ড। প্রশ্ন উঠেছে তালিকা অনুয়ায়ী অপেক্ষমাণ প্রতিষ্ঠানে কখন কিভাবে ভর্তি হওয়া যাবে, তা স্পষ্ট করা হয়নি। একাধিক কলেজে শুধুমাত্র এসএসসি পাসের প্রশংসাপত্র ও প্রবেশপত্রের ফটোকপি নিয়ে ভর্তি প্রক্রিয়া শুরু করেছে।

এদিকে অভিযোগ উঠেছে, মিঠাপুকুর উপজেলার একাধিক বিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষার্থীদের প্রশংসাপত্র সরবরাহ করছেন না। ফলে একাদশ শ্রেণিতে ভর্তি নিয়ে উদ্বিগ্ন অভিভাবক ও শিক্ষার্থীরা।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড দিনাজপুরের কলেজ পরিদর্শক ফারাজ উদ্দিন তালুকদার স্বাক্ষরিত ভর্তি বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ভর্তির সময় এসএসসি'র মূল নম্বরপত্র জমা নিতে হবে এবং শিক্ষাবোর্ডের অনুমতি ছাড়া জমা মূল নম্বরপত্র শিক্ষার্থীদের ফেরত দেয়া যাবে না। ভর্তি শিক্ষার্থীদের নম্বরপত্র মহাবিদ্যালয়েই সংরক্ষণ করার জন্য বলা হয়েছে। এ অবস্থায় মহাবিদ্যালয় কর্তৃপক্ষ একাদশ শ্রেণিতে ভর্তি নিয়ে বিড়ম্বনায় পড়েছে।

শিক্ষার্থীদের প্রশংসাপত্র না দেয়া প্রসঙ্গে মিঠাপুকুর শিক্ষক সমিতির সভাপতি ও মিঠাপুকুর মডেল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহ্ হাবিব-ই-আযম বলেন, এসএসসি পাসের টেবুলেশন সিট না আসায় প্রশংসাপত্র দেয়া হচ্ছে না।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জাহিদুল ইসলাম বলেন, এসএসপি পাস শিক্ষার্থীর মূল নম্বরপত্র কেন আসেনি, বিষয়টি জানা নেই। শিক্ষাবোর্ডে বিষয়টি নিয়ে কথা বলে দেখবো।